**পশ্চিমবঙ্গ সরকার**
**জনস্বাস্থ্য কারিগরী বিভাগ**
**নবমহাকরণ (৭ম তল), কলকাতা-৭০০০০১**

**নং-পি.এইচ.ই/পি/৩৬১/টি.এম-৮/৮৯(পার্ট-১)** **তাং-১৮.২.২০০৮**

**বিষয় ঃ জাতীয় গ্রামীণ পানীয় জলের গুণগতমানের নজরদারি ও তত্ত্বাবধান বিষয়ক নির্দেশাবলী।**

যেহেতু পানীয় জলের ব্যবহার ও নিরাপদ সংরক্ষণের প্রয়োজনীয়তা বিষয়ে সচেতনতার প্রয়োজনীয়তা স্বীকৃত,

এতদদৃষ্টে, জাতীয় গ্রামীণ পানীয় জলের গুণগতমানের, নজরদারি ও **তত্ত্বাবধান** কর্মসূচী ভারত সরকার কর্তৃক প্রবর্তনের উদ্দেশ্য ছিল যে সমস্ত পানীয় জলের উৎসগুলির রাসায়নিক ও জীবানুর উপস্থিতিজনিত দূষণ পরীক্ষা করা হোক, অন্ততঃ বছরে একবার।

এখন এই কারণে, জাতীয় গ্রামীণ পানীয় জলের গুণগতমানের নজরদারি ও তত্বাবধান কর্মসূচীর সাফল্যের জন্য পঞ্চায়েতকে যুক্ত করার লক্ষ্যে ভারত সরকারের নির্দেশাবলীর আংশিক সংশোধন করে পশ্চিমবঙ্গ সরকার রাজ্যে নিম্নলিখিত কর্মসূচী রূপায়ণ নির্দেশিকা প্রনয়ন করেছেন।

**উদ্দেশ্য ঃ-**

- দেশের সমস্ত পানীয় জলের উৎসের গুণগতমানের নজরদারি ও তত্ত্বাবধান করতে হবে অন্ততঃ বছরে একবার।
- পানীয় জলের গুণগতমানের নজরদারি ও তত্ত্বাবধান কাজের বিকেন্দ্রীকরণ ও উন্নয়ন।
- পানীয় জলের গুণগতমানের তত্ত্বাবধানের কাজে পঞ্চায়েতীরাজ ও এলাকার মানুষকে যুক্ত করার জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থার প্রবর্তন।
- জলের গুণগতমানের প্রয়োজনীয়তা এবং জলবাহিত রোগের সমস্যার বিষয়ে গ্রামীণ মানুষের সচেতনতার উন্মেষ।

**পশ্চিমবঙ্গে কর্মসূচী রূপায়ণের পদ্ধতি ঃ-**

রাজ্যে ইতিমধ্যে গড়ে ওঠা জল পরীক্ষাগারের পরিকাঠামো বিন্যাস পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করা হবে যাতে সব জলের উৎসগুলি অন্ততঃ বছরে একবার পরীক্ষা করা যায়।

যদি জল পরীক্ষা করে দেখা যায় যে গুণগতমানের নিরিখে জল নিরাপদ নয় তাহলে এই কর্মসূচীতে জলের মানোন্নয়নের বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে। জীবানুজনিত দূষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলি তা প্রতিরোধ করার জন্য জনস্বাস্থ্য কারিগরী দপ্তর এবং স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তরের কারিগরী সহায়তা নেবেন। রাসায়নিক দূষণের ক্ষেত্রে জনস্বাস্থ্য কারিগরী দপ্তর উপযুক্ত ব্যবস্থা নেবেন পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সহায়তায়।

**জলের উৎসের চিহ্নিত করণ ঃ-**

সিদ্ধান্ত হয়েছে যে বর্তমান জল পরীক্ষাগারগুলির পুনর্বিন্যাস ও প্রয়োজনানুযায়ী নতুন পরীক্ষাগার স্থাপন করে রাজ্যের সকল প্রকার জলের উৎস থেকে নমুনা সংগ্রহ করে বছরে একবার জীবানুদূষণ ও

রাসায়নিক দূষণের মাত্রা পরীক্ষা করা হবে। এতদুদ্দেশ্যে সব রকমের জলের উৎস যেমন সরকারী নলকূপ, ব্যক্তিগত নলকূপ, নলবাহিত জল সরবরাহের অর্ন্তগত রাস্তার কল, গৃহসংযোগ, কাঁচা কূয়ো ইত্যাদি যেগুলি সাধারণভাবে পানীয় জলের উৎস হিসেবে ব্যবহৃত হয়, সেগুলি থেকে সংগৃহীত জলের নমুনা পরীক্ষা করা হবে। পরীক্ষিত উৎসগুলিকে একটি অভিনব চিহ্নিতকরণ সংখ্যা দেওয়া হবে। চিঁহ্নিতকরণ সূচকের বিস্তৃত বিবরণ সংযোজন-১-এ আছে।

**পরীক্ষার বিচার্য্য ঃ-**

পশ্চিমবঙ্গের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত বিষয়গুলির পরীক্ষা হবে ঃ-

- PH (পি.এইচ.)/অম্লত্ব
- Hardness /কঠিনতা
- Iron /লোহা
- Bacteriological Quality /জীবানু দূষণের মান
- আর্সেনিক (চিহ্নিত এলাকায়)
- ফ্লুওরাইড ( ” )
- ক্লোরাইড ( ” )

আর্সেনিক, ফ্লোরাইড ও ক্লোরাইড দূষিত ব্লকের তালিকা সংযোজন-২-এ দেওয়া হল।

জলের অম্লত্ব, লোহা ও কঠিনতা সব ক্ষেত্রেই পরীক্ষা হবে সাধারণভাবে। শুধুমাত্র চিহ্নিত এলাকায় আর্সেনিক, ফ্লোরাইড ও ক্লোরাইড দূষণের পরীক্ষা হবে। সেইমতো জল পরীক্ষাগারগুলির আনুষঙ্গিক যন্ত্রপাতি দেওয়া হবে। সকল রাসায়নিক পরীক্ষার ক্ষেত্রে জল পরীক্ষাগারের আদর্শ মান বজায় রাখতে হবে।

জলের জীবানুদূষন পরীক্ষা সর্বক্ষেত্রেই MPN count by multiple tube fermentation কারিগরীতে হবে পরীক্ষাগারগুলিতে। সেজন্য যেখানে প্রয়োজন পরীক্ষাগারগুলির উন্নীতকরণ করা হবে।

**জল পরীক্ষার সময় ব্যবধান ঃ**

শুরুতে সকল উৎসের জল পরীক্ষা বছরে একবার করা যেতে পারে। জল পরীক্ষার ফলাফল এবং কত ঘন ঘন পরীক্ষাগারে জল পরীক্ষা সম্ভব তার ভিত্তিতে কিছু কিছু ক্ষেত্রে সময় ব্যবধান কমানো যেতে পারে। জল বাহিত রোগের জীবানু জনিত কারণে ব্যপক সংক্রমন ও অন্যান্য অজানা কারণে জীবানুঘটিত রোগ বিস্তারের ক্ষেত্রে একাধিকবার জল পরীক্ষার প্রয়োজন হতে পারে। জীবানু জনিত সংক্রমনের ক্ষেত্রে জল পরীক্ষার সময় ব্যবধান স্থির করার সিদ্ধান্ত নেবে পঞ্চায়েত সমিতি।

**জল পরীক্ষার ক্ষমতা ঃ**

চালু জলপরীক্ষাগারের অভিজ্ঞতায় দেখা যায় যে প্রতিদিন জীবানু ও রাসায়নিক বিষয়ক ২০টি জলের নমুনা পরীক্ষা সম্ভব। মাসে ২২দিন জল পরীক্ষা হলে মাসে ৪৪০টি নমুনা এবং বছরে ৫২৮০টি নমুনা পরীক্ষা সম্ভব। যাইহোক, পরীক্ষাগারের যান্ত্রিক মেরামতি/রক্ষণাবেক্ষণজনিত কারণে কোন কোন ক্ষেত্রে উপরোক্ত হিসাবের হেরফের হতে পারে।

**পরীক্ষাগারের প্রয়োজন ঃ**

কতসংখ্যক পরীক্ষাগার প্রয়োজন তা নির্ভর করবে কত সংখ্যক উৎসের নমুনা পরীক্ষা করতে হবে তার উপর ঃ

- ✔ প্রতি পরীক্ষাগারের নমুনা পরীক্ষা ক্ষমতা।
- ✔ সুস্পষ্ট ভৌগলিক সীমানা। (কাজের সুবিধার জন্য সীমা ব্লকস্তরের নীচে হবে না)।
- ✔ পরীক্ষাগার থেকে জলের উৎসগুলির দূরত্ব (নমুনা সংগ্রহ/পরীক্ষাগারে নমুনা প্রেরণ এবং পরীক্ষার ফল জানানোর সুবিধার্থে পরীক্ষাগার থেকে উৎসগুলির দূরত্ব বেশী হওয়া বাঞ্ছনীয় নয়।)

উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করে কত সংখ্যক পরীক্ষাগার কোন্ কোন্ এলাকার জন্য লাগবে তার বিশদ তথ্য সংযোজন-III এ দেওয়া হয়েছে। মোটামুটিভাবে প্রতি তিনটি ব্লকের জন্য একটি পরীক্ষাগার থাকবে। পরীক্ষাগারের ভৌগলিক সীমা জেলার মধ্যে সীমাবদ্ধ থাকবে। জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের পরীক্ষাগার ও স্যানিটারী মার্ট পরিচালিত পরীক্ষাগারগুলিকে এই কাজে লাগানো হবে। এছাড়াও কয়েকটি জনস্বাস্থ্য কারিগরী দপ্তর এবং মার্ট পরিচালিত পরীক্ষাগার স্থাপনের বিশদ বিবরণ সংযোজন- III এ উল্লেখ করা হয়েছে।

জনস্বাস্থ্য কারিগরী দপ্তর মার্ট পরিচালিত পরীক্ষাগারগুলির সঙ্গে একটি চুক্তি করবেন কি কি কাজ করতে হবে সেই ব্যাপারে আলোচনা সাপেক্ষে।

**যন্ত্রপাতি ও রাসায়নিকের সরবরাহ ঃ**

যন্ত্রপাতি ও রাসায়নিক কেন্দ্রীয়ভাবে সংগ্রহ করে বিভিন্ন পরীক্ষাগারে প্রয়োজনানুযায়ী পাঠানো হবে। এতে যন্ত্রপাতি ও রাসায়নিকের উৎকর্ষ বজায় থাকবে, রাসায়নিকের সরবরাহ ও ব্যবহারের উপর কার্যকরী নজরদারি সম্ভব হবে এবং ব্যয় সংকোচ হবে। রাসায়নিক ও যন্ত্রপাতির সংগ্রহ ও বন্টনের দায়িত্বে থাকবেন জনস্বাস্থ্য কারিগরী দপ্তর।

**জলের নমুনা সংগ্রহ ঃ**

জলের নমুনা সংগ্রহ এবং সংশ্লিষ্ট পরীক্ষাগারে পাঠানো একটি গুরুত্বপূর্ণ কাজ। এই কাজের জন্য কর্মী নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত এরূপ একজন অনুপ্রেরক নির্বাচন এবং নিয়োগ করবেন। সংগ্রাহকের কাজ হবে নির্দিষ্ট পদ্ধতিতে নমুনা সংগ্রহ, পরীক্ষাগারে নমুনা পাঠানো এবং পরীক্ষার ফল উৎসের ব্যবহারকারীদের জানানো। এই কর্মীটি তৃণমূলস্তরে পানীয় জলের গুণাগুণ ও উৎকর্ষের প্রয়োজনীয়তার ব্যাপারে মানুষকে সচেতন করার গুরুত্বপূর্ণ কাজটি করবেন। কমপক্ষে প্রতি অনুপ্রেরক মাসে ১০টি নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠাবেন। সঠিক ফল পাওয়ার জন্য বিশেষতঃ জীবানু সংক্রমন পরীক্ষার জন্য সংগ্রহের দিনেই নমুনা পরীক্ষাগারে পাঠাতে হবে। স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা কিংবা দূষিত জল শোধনের কাজের জন্য মানসিক ভাবে প্রস্তুত এমন একজনকে গ্রাম পঞ্চায়েত নির্বাচিত করে নিয়োগ করবেন। সরকারী এবং ব্যক্তিগত জলের উৎসগুলি ১০০ শতাংশ পরীক্ষার উপর গুরুত্ব দিতে হবে। এমনকি হোটেলে ব্যবহৃত জলের উৎসগুলি সমেত এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিরোধ ব্যবস্থা নিতে হবে।

অনুপ্রেরক নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠানো এবং পরীক্ষার ফল জলের উৎসের মালিককে জানানোর পর পরীক্ষাগার থেকে প্রতি নমুনার জন্য ২৫.০০ টাকা পাবেন। অতএব গড়ে একজন সংগ্রাহক বছরে ২৫টাকা X ১০ X ১২ = ৩০০০.০০ টাকা পাবেন। এজন্য জেলা পরিষদ প্রতি পরীক্ষাগারকে

১০০০০.০০ টাকার আবর্তিত তহবিল দেবেন। মার্ট পরিচালিত পরীক্ষাগারগুলি টাকা কম পড়লে ত্রৈমাসিক হিসাব প্রদান করলে জেলা পরিষদ থেকে বকেয়া টাকা পাবেন।

**পরীক্ষাগারগুলির পরিকাঠামো এবং দায়িত্ব ঃ**

নির্দিষ্ট সংখ্যক জলের নমুনার জীবানু বিষয়ক ও রাসায়নিক পরীক্ষার কার্য্য সম্পাদনের জন্য নিম্নলিখিত কর্মী নিযুক্তির জন্য প্রারম্ভিকভাবে সুপারিশ করা যাচ্ছে ঃ

১. কেমিষ্ট- **১**জন

২. ব্যাকটেরিওলজিষ্ট- **১**জন

৩. ল্যাবরেটরী অ্যাসিষ্টান্ট- **১**জন

**উপরোক্ত কর্মীদের নিম্নলিখিত হারে বাৎসরিক ভাতা দেওয়ার বিবেচনা করা যেতে পারে ঃ**

| | |
|---|---|
| ১. কেমিষ্ট মাসিক ৪০০০.০০ টাকা- | ৪৮০০০.০০ টাকা |
| ২. ব্যাকটেরিওলজিষ্ট ৪০০০.০০ টাকা- | ৪৮০০০.০০ টাকা |
| ৩. ল্যাবঃ অ্যাসিঃ মাসিক ২৫০০.০০ টাকা- | ৩০০০০.০০ টাকা |
| | ১২৬০০০.০০ টাকা |

অন্যান্য আনুষঙ্গিক বাৎসরিক খরচ নিম্নলিখিত হারে বিবেচনা করা যেতে পারে।

| | |
|---|---|
| ক) যন্ত্রপাতির মেরামতি/পরিবর্তন- | ১৫০০০.০০ টাকা |
| খ) কাঁচের জিনিষপত্রের পরিবর্তন- | ১০০০০.০০ টাকা |
| গ) বিদ্যুত, জল এবং ছোটখাটো মেরামতি- (মাসে ২০০০ টাকা হিসাবে) | ২৪০০০.০০ টাকা |
| | ৪৯০০০.০০ টাকা |

পরীক্ষাগার চালানোর মোট বার্ষিক ব্যয় ১,৭৫,০০০.০০ টাকা। জল পরীক্ষার জন্য (রাসায়নিক এবং জীবানু সংক্রান্ত) নমুনা প্রতি ৫০.০০ টাকা ধার্য্য করা যেতে পারে। সুতরাং পৌনঃপুনিক ব্যয় সংগ্রহের জন্য বছরে প্রায় ৩৫০০ নমুনা পরীক্ষা করা প্রয়োজন প্রতি পরীক্ষাগারে। আশা করা যায় প্রতি পরীক্ষাগারে বছরে ৩৫০০ র বেশি নমুনা পরীক্ষিত হবে এবং ভবিষ্যতে কিছু উদ্বৃত্ত তহবিল সঞ্চিত হবে।

**পরীক্ষাগারগুলির সংযোগ ঃ**

জলের উৎসগুলির নমুনা পরীক্ষাকালে রাজ্যের বিভিন্ন এলাকার পরীক্ষাগার থেকে পাওয়া রিপোর্টের ভিত্তিতে একটি তথ্য ভান্ডার গড়ে উঠবে। প্রত্যেক পরীক্ষাগারে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ দেওয়া হবে যাতে জল পরীক্ষার ফলাফল অনলাইনে কেন্দ্রীয়ভাবে সংগৃহীত ও সংকলিত হয়। ফলাফল জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের ওয়েবসাইটে (wbphed.gov.in) দেওয়া হবে জনসাধারণের অবগতি ও সচেতনতার জন্য।

## আর্থিক বিষয় ঃ

জল পরীক্ষাগারগুলির উন্নীতকরণ, নতুন পরীক্ষাগার স্থাপন, রাসায়নিক সরবরাহ, ইন্টারনেট সংযোগের খরচ সরকার বহন সরকার বহন করবেন। জলের নমুনা সংগ্রহ এবং আনুষঙ্গিক ব্যয় জল পরীক্ষার জন্য প্রাপ্ত ফি থেকে মেটাতে হবে। প্রতি মাসে ১০টি নমুনা পরীক্ষার জন্য পরীক্ষাগারে পাঠাতে গ্রাম পঞ্চায়েত উদ্যোগ নেবে। সংযোজন-৩-এ দেখানো এলাকা অনুযায়ী পরীক্ষাগারগুলি জলের নমুনা পরীক্ষা করবে। মার্ট পরিচালিত পরীক্ষাগারগুলিকে সরাসরি ফি দিতে হবে। জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের পরীক্ষাগারগুলি ফি জমা দিতে হবে সংশ্লিষ্ট নির্বাহী বাস্তুকারের নিকট। পঞ্চায়েত সমিতি ঠিক সময়ে জল পরীক্ষার ফি জমা দেওয়ার বিষয়টি তদারকি করবেন। যদি দেখা যায় যে ন্যূনতম নমুনা পরীক্ষা হচ্ছে না সেক্ষেত্রে প্রকৃত আয় ও ব্যয়ের ফারাক মেটাতে হবে সংশ্লিষ্ট জেলা পরিষদ/পঞ্চায়েত সমিতিকে তিনমাস অন্তর যাতে পরীক্ষাগারগুলি আর্থিক সংকটে বন্ধ না হয়ে যায়।

জলের উৎকর্ষ মানের নজরদারি ও তত্বাবধানের দায়িত্ব গ্রাম পঞ্চায়েতগুলির। সেটি নিশ্চিত করার জন্য গ্রাম পঞ্চায়েতকে অন্ততঃ বছরে একবার এলাকার সব জলের উৎস পরীক্ষার ব্যবস্থা করতে হবে। সুতরাং মাসে ১০টি করে নমুনা ফি সহ পরীক্ষাগারে পাঠাতে হবে। জীবানুজনিত জল দূষনের ক্ষেত্রে জল শোধনের জন্য গ্রাম পঞ্চায়েতকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সম্পদ সংগ্রহ করতে হবে।

এই ধরনের তহবিল তৈরীর কাজটা সময় সাপেক্ষ বলে শুরুর সময় দ্বাদশ অর্থ কমিশন থেকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর অর্থ বরাদ্দ করবেন। কাজের অগ্রগতির সঙ্গে সঙ্গতি রেখে এই আর্থিক সহায়তার পরিমান কমানো হবে এবং গ্রাম পঞ্চায়েত নিজস্ব তহবিল গড়ে তুলবে।

## দক্ষতা বৃদ্ধি ঃ

সংশ্লিষ্ট কাজকর্মের জন্য দক্ষতা বৃদ্ধির যথোপযুক্ত ব্যবস্থা থাকছে CCDU-তে। জনস্বাস্থ্য কারিগরী দপ্তর, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ঘনিষ্ট যোগাযোগে দক্ষতা বৃদ্ধি ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

## প্রতিবেদন (রিপোর্ট) ঃ

উপভোক্তাকে জল পরীক্ষার ফলাফল সংগ্রাহকের মাধ্যমে জানানোর দায়িত্ব পরীক্ষাগারের। রিপোর্টের একটি কপি দিতে হবে গ্রাম পঞ্চায়েতকে। পরীক্ষার মাসিক অগ্রগতির রিপোর্ট নির্দিষ্ট ছকে পঞ্চায়েত সমিতি ও জনস্বাস্থ্য কারিগরী অধিকারের নির্বাহী বাস্তুকারকে পাঠাবেন। এই রিপোর্টের ভিত্তিতে জনস্বাস্থ্য কারিগরী দপ্তর জেলা ভিত্তিক রিপোর্ট তৈরি করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর এবং ভারত সরকারকে পাঠাবেন নির্দিষ্ট ছকে। রিপোর্ট পেশের ফর্ম তৈরি করে সবাইকে পাঠানো হবে।

## পঞ্চায়েতের ভূমিকা ঃ

কর্মসূচীর সাফল্যের অন্যতম শর্ত হলো পঞ্চায়েতের সক্রিয় অংশগ্রহণ। পঞ্চায়েতের বিভিন্ন স্তরের ভূমিকা/দায়িত্ব নীচে উল্লেখ করা হলো ঃ-

**১. গ্রাম পঞ্চায়েত ঃ**

ক) অনুপ্রেরক নির্বাচন এবং নিযুক্তি।

খ) পানীয় জলের উৎসগুলির চিহ্নিতকরণ সংখ্যা প্রদান।

গ) অনুপ্রেরকের মাধ্যমে পরীক্ষাগারে নমুনা প্রেরণ।

ঘ) পরীক্ষার ফল অনুপ্রেরকের কাছ থেকে সংগ্রহ।

ঙ) জনস্বাস্থ্য সংক্রান্ত সমিতির মাসিক সভায় প্রাপ্ত পরীক্ষার ফলের বিশ্লেষণ।

চ) বছরে কমপক্ষে একবার সকল জলের উৎসের জীবানুজনিত ও রাসায়নিক মানের পরীক্ষা নিশ্চিতকরণ।

ছ) জীবানু সংক্রমিত জলের উৎসের নমুনা একাধিকবার পরীক্ষার ব্যবস্থা।

জ) উপভোক্তাদের কাছ থেকে নমুনা সংগ্রহ এবং জল পরীক্ষার নির্ধারিত ফি সংগ্রহের ব্যবস্থা।

ঝ) জলের উৎসের জীবানু দূষণের প্রতিবিধানের জন্য পরীক্ষাগার, জনস্বাস্থ্য কারিগরী দপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহায়তায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা।

**২. পঞ্চায়েত সমিতি ঃ**

ক) জল পরীক্ষাগার এবং গ্রাম পঞ্চায়েতগুলির সমন্বয় সাধন। নমুনা সংগ্রহ এবং পরীক্ষাগারের কাজে কোন সমস্যা হলে সমাধান করা।

খ) জলের মান সম্বন্ধে পরীক্ষার ফলাফলের মাসিক পর্যালোচনা।

গ) মাসান্তে প্রতি পরীক্ষিত নমুনার জন্য ৫০.০০ টাকা এবং নমুনা সংগ্রহের জন্য ২৫.০০ টাকা হারে পরীক্ষাগারগুলিকে দিতে হবে।

**৩. জেলা পরিষদ ঃ**

ক) জল পরীক্ষাগার সমূহ, পঞ্চায়েত সমিতি সমূহ এবং পানীয় জলের উৎকর্ষ সংশ্লিষ্ট জেলাস্তরীয় আধিকারিকদের সমন্বয়।

খ) জলের মানের নজরদারির কাজ সুষ্ঠুভাবে চলার জন্য পরীক্ষার ফলাফলের মাসিক পর্যালোচনা।

গ) প্রতি পরীক্ষাগারকে ১০,০০০ টাকার আবর্তিত তহবিল প্রদান।

ঘ) পরীক্ষাগারগুলির আয় ব্যয়ের ফারাক অর্থ ত্রৈমাসিক হিসাব পেশের পর দেওয়ার ব্যবস্থা এবং পরীক্ষাগারগুলির কার্য্য নির্বাহে সহায়তা।

**সরকারী দপ্তরগুলির ভূমিকা ঃ**

**১. জনস্বাস্থ্য করিগরী দপ্তর ঃ**

ক) চালু পরীক্ষাগারগুলির উন্নীত করণের জন্য প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ এবং নতুন পরীক্ষগার স্থাপন।

খ) প্রয়োজনানুযায়ী রাসায়নিক সংগ্রহ করে পরীক্ষাগারগুলিকে সরবরাহ।

গ) পরীক্ষাগারগুলির কাজের তত্বাবধান এবং প্রয়োজনে কারিগরী পরামর্শ ও সহায়তা প্রদান।

ঘ) কর্মসূচীর সফল রূপায়ণের জন্য বিভিন্ন স্তরের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।

ঙ) কর্মসূচীর সচেতনতার জন্য প্রচার প্রসার ও মানব সম্পদ উন্নয়নের ব্যবস্থা প্রয়োজনানুযায়ী করা।

চ) ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের পানীয় জল সরবারহ দপ্তরের জাতীয় গ্রামীণ পানীয় জলের গুণগতমানের নজরদারি ও তত্বাবধান কর্মসূচীর নির্দেশিকা মোতাবেক পরীক্ষিত জলের গুণমান সম্পর্কিত তথ্য পানীয় জল সরবরাহ দপ্তরকে পাঠাতে হবে। একটি করে প্রতিলিপি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরকে পাঠাতে হবে।

ছ) ব্লক পরীক্ষাগারের পরীক্ষিত নমুনার ৫% পুনঃ পরীক্ষা করা।

**২. পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর ঃ**

ক) জলের নমুনা সংগ্রহ ও পরীক্ষার জন্য ব্যয় বাবদ তহবিল জেলা পরিষদগুলিকে দিতে হবে।

খ) কর্মসূচীর সফল রূপায়ণের জন্য রাজ্যস্তরে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতের কার্যকলাপের নজরদারি।

গ) প্রশিক্ষণ কর্মসূচী রূপায়ণে পঞ্চায়েতকে সাহায্য ও সহায়তা করা বিশেষতঃ প্রতিবিধান কার্যাবলীতে।

ঘ) প্রচার প্রসার ও মানব সম্পদ উন্নয়ন কর্মসূচীতে অংশগ্রহণ।

**৩. স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তর ঃ**

ক) বার্ষিক ভিত্তিতে পরীক্ষাগারগুলির রাসায়নিক সংগ্রহের জন্য অর্থ বরাদ্দ।

খ) চিহ্নিত দূষিত উৎসগুলির শোধনের কাজে অংশগ্রহণ।

গ) প্রচার প্রসার ও মানব সম্পদ উন্নয়ন কর্মসূচীতে অংশগ্রহণ।

**৪. অল ইন্ডিয়া ইনিষ্টিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেল্থ, কোলকাতা ঃ**

কর্মসূচীর রূপায়ণের ক্ষেত্রে এই প্রতিষ্ঠানকে State Referral Institute হিসাবে যুক্ত করা হয়েছে। প্রতিষ্ঠানটি কর্মসূচীর সার্বিক দেখভাল ও নজরদারি করবেন। বিভিন্ন পরীক্ষাগারের পরীক্ষিত নমুনার পুনঃ পরীক্ষা ( Cross checking ) করবেন ব্লকস্তরীয় পরীক্ষার দৃঢ়ীকরণের জন্য।

প্রধান সচিব

## সংযোজনী-ক

## জল পরীক্ষাগারে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা এবং বার্ষিক খরচ

পরীক্ষাগারে পাঠান উপযুক্ত সংখ্যক জলের নমুনা রাসায়নিক জীবানু সংক্রান্ত পরীক্ষার জন্য প্রারম্ভিকভাবে নিম্নলিখিত কর্মীগণের প্রয়োজন হবে ঃ-

| | |
|---|---|
| ১। কেমিষ্ট- | ১ জন |
| ২। ব্যাকট্রিয়লজিষ্ট- | ১ জন |
| ৩। ল্যাবটারী সহায়ক- | ১ জন |

উপরিক্ত ব্যাক্তিগণের বাৎসরিক সাম্মানিকের হিসাব নীচে দেওয়া হল ঃ-

| | |
|---|---|
| ক) কেমিষ্ট (প্রতি মাসে ৪০০০ টাকা করে)- | ৪৮,০০০.০০ |
| খ) ব্যাকট্রিয়লজিষ্ট (প্রতি মাসে ৪০০০ টাকা করে)- | ৪৮,০০০.০০ |
| গ) ল্যাবটারী সহায়ক (প্রতি মাসে ২৫০০ টাকা করে)- | ৩০,০০০.০০ |
| মোট | ১,২৬,০০০.০০ |

বার্ষিক স্থির ব্যয় নীচে দেওয়া হল ঃ-

| | |
|---|---|
| ক) ল্যাবটারীর যন্ত্রপাতি (সারানো ও বদলানোর জন্য)-- | ১৫,০০০.০০ |
| খ) কাঁচের যন্ত্রপাতি ইত্যাদি ভাঙার জন্য-- | ১০,০০০.০০ |
| গ) বিদ্যুৎ, জল ও ল্যাবটারীর অল্প বিস্তর মেরামতির জন্য (প্রতি মাসে ২০০০ টাকা) | ২৪,০০০.০০ |
| মোট- | ৪৯,০০০.০০ |

সর্বমোট- ১,২৬,০০.০০ + ৪৯,০০০.০০ = ১,৭৫,০০০.০০

**সংযোজনী-১**

## পশ্চিমবঙ্গের গ্রামীন এলাকায় পানীয় জলের উৎসগুলির চিহ্নিতকরণ

রাজ্যের গ্রামীন এলাকায় প্রত্যেকটি পানীয় জলের উৎসগুলিকে আলাদাভাবে চিহ্নিতকরণের জন্য প্রত্যেকটি উৎসের ক্ষেত্রে একটি যুক্তি সম্মত সংখ্যা নির্দ্ধারণ করা দরকার। এই উদ্দেশ্যে ১৬ অংক দিয়ে কোড্ তৈরী করা হবে সেটি নীচে ব্যাখ্যা করা হল ঃ-

১। জলের উৎসের প্রকৃতি বা ধরণ অনুযায়ী তিনটি অক্ষর কোড নম্বরের আগে বসানো হবে। যেমন -

ক) স্ট্রীট স্টান্ড পোষ্ট (Street Stand Post)- এস.এস.পি

হাউস কানেকশন্ (House Connection)- এইচ.এস.সি

হ্যাণ্ড বোরড টিউব-ওয়েল (Hand Bored Tube Well)-এইচ.পি.টি

রিগবোরড টিউব-ওয়েল (Rig Bored Tube-Well)- আর.বি.টি

**ঙ) ডাগ ওয়েল (Dug Well)- ডি.জি.ডব্লিউ**

চ) পনড ওয়াটার ( Pond Water)- পি.এন.ডি

ছ) স্প্রিং ওয়াটার ( Spring Water)- এস.পি.জি

উপরিক্ত উৎসগুলি হতে জলের নমুনা নির্দ্দিষ্ট সময় অন্তর পরীক্ষা করার জন্য প্রস্তাব করা হবে।

উৎসের প্রকৃতি বা ধরণ অনুযায়ী জেলা, সমষ্টি, গ্রাম পঞ্চায়েত, গ্রামের জে.এল.নং, হ্যাবিটেশন কোড এবং তারপরে উৎসের ক্রমিক সংখ্যা বসানো যেতে পারে। রাজ্যের জনগণনার রেকর্ড অনুযায়ী জেলা, সমষ্টি, গ্রাম পঞ্চায়েত, গ্রামের জে.এল.নং-এর কোড লিখতে হবে আর জনস্বাস্থ্য কারিগরী বিভাগের সমীক্ষা অনুযায়ী হ্যাবিটেশন কোড এবং তারপরে উৎসের ক্রমিক সংখ্যা বসানো যেতে পারে। রাজ্যের জনগণনার রেকর্ড অনুযায়ী জেলা, সমষ্টি, গ্রাম পঞ্চায়েত, গ্রামের জে.এল. নং-এর কোড লিখতে হবে আর জনস্বাস্থ্য কারিগরী বিভাগের সমীক্ষা অনুযায়ী হ্যাবিটেশন কোড লিখতে হবে।

এইভাবে যে কোন জলের উৎসকে নিম্নলিখিত ভাবে চিহ্নিত করা হবে।

| **এইচ-পি-টি** | **০৫** | **০৭** | **০১** | **০৩৯** | **০৯** | **১৩** |
|---|---|---|---|---|---|---|
| উৎসের ধরণ | জেলা | সমষ্টি | গ্রাম পঞ্চায়েত কোড | জে.এল.নং | হ্যাবিটেশন কোড | পানীয় জলের উৎসের ক্রমিক সংখ্যা |

সংযোজনী-২

## সমষ্টি বা এলাকায় জলের গুণমানের বিভিন্ন সমস্যা

(ক) আর্সেনিক

| ক্রমিক সংখ্যা | জেলা | সমষ্টি বা ব্লক | ব্লকের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | মালদা | ইংলিশ বাজার, মানিকচক, কালিয়াচক-১, কালিয়াচক-২, কালিয়াচক-৩, রতুয়া-১, রতুয়া-২ | ৭ |
| ২ | মুর্শিদাবাদ | রানীনগর-১, রানীনগর-২, ডোমকল, নওদা, জলঙ্গী, হরিহরপাড়া, বেলডাঙ্গা-১, সুহটি-১, সুহটি-২, ভগবানগোলা-১, ভগবানগোলা-২, বহরমপুর, রঘুনাথগঞ্জ-২, মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ, ফারাক্কা, সামসেরগঞ্জ, লালগোলা, বেলডাঙ্গা-২, রঘুনাথগঞ্জ | ১৯ |
| ৩ | নদীয়া | করিমপুর-১, করিমপুর-২, তেহট্ট-১, তেহট্ট-২, কালিগঞ্জ, নাকাশীপাড়া, নবদ্বীপ, হাঁসখালি, কৃষ্ণগঞ্জ, হরিণঘাটা, চাকদহ, শান্তিপুর, চাপরা, রানাঘাট-১, রানাঘাট-২, কৃষ্ণনগর-১, কৃষ্ণনগর-২ | ১৭ |
| ৪ | উত্তর ২৪ পরগণা | হাবরা-১, হাবরা-২, বারাসাত-১, বারাসাত-২, দেগঙ্গা, বসিরহাট-১, বসিরহাট-২, স্বরূপনগর, সন্দেশখালি-২, বাদুরিয়া, গাইঘাটা, রাজারহাট, আমডাঙ্গা, বাগদা, বনগাঁও, হাড়োয়া, হাসনাবাদ, বারাকপুর-১, বারাকপুর-২ | ১৯ |
| ৫ | দক্ষিণ ২৪ পরগণা | বারুইপুর, সোনারপুর, ভাঙ্গড়-১, ভাঙ্গড়-২, বজ বজ-২, বিষ্ণুপুর-১, বিষ্ণুপুর-২, জয়নগর-১, মগরাহাট২, | ৯ |
| ৬ | হাওড়া | উলুবেড়িয়া-২, শ্যামপুর-২ | ২ |
| ৭ | হুগলী | বলাগড় | ১ |
| ৮ | বর্ধমান | পূর্বস্থলী-১, পূর্বস্থলী-২, কাটোয়া-১, কালনা-২, কাটোয়া-২ | ৫ |
| মোট | | | ৭৯ |

(খ) ফ্লোলরাইড

| ক্রমিক সংখ্যা | জেলা | সমষ্টি বা ব্লক | ব্লকের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বীরভূম | নলহাটি-১, রামপুরহাট১, ময়ূরেশ্বর-১, সাঁইথিয়া, সিউড়ি-২, রাজনগর, খয়রাসোল। | ৭ |
| ২ | বাঁকুড়া | গঙ্গাজলঘাঁটি, রায়পুর, ইন্দর, বাঁকুড়া-২, ছাতনা, তালডাঙ্গারা, শালতোরা, সিমলাপাল, হিরবাঁধ, বড়জোড়া। | ১০ |
| ৩ | দক্ষিণ দিনাজপুর | গঙ্গারামপুর, কুমারগঞ্জ, বংশীহারী, কুশমান্ডি তপন | ৫ |
| ৪ | উত্তর দিনাজপুর | ইটাহার | ১ |
| ৫ | পুরুলিয়া | রঘুনাথপুর-১, পঞ্চা, জয়পুর, নেতুরিয়া, সানতুরী, বাগমুন্ডী, রঘুনাথপুর-২, পুরুলিয়া-১, পুরুলিয়া-২, কাশীপুর, ঝালদা-১, আরশা, বড়বাজার, মানবাজার-১, হুরা, পারা, বলরামপুর। | ১৭ |
| ৬ | মালদা | বামনগোলা, রতুয়া-২ | ২ |
| ৭ | দক্ষিণ ২৪পরগণা | বারুইপুর | ১ |
| মোট | | | ৪৩ |

(গ) স্যালিনিটি

| ক্রমিক সংখ্যা | জেলা | সমষ্টি বা ব্লক | ব্লকের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | দক্ষিণ ২৪ পরগণা | সোনারপুর, ক্যানিং-২, ক্যানিং-১, বাসন্তী, জয়নগর-১, জয়নগর-২, গোসাবা, কুলতলি, মথুরাপুর-২, পাথরপ্রতিমা, নামখানা, সাগর, কাকদ্বীপ, কুলপী, মন্দিরবাজার, মগরাহাট-১, ডায়মন্ডহারবার-১, ডায়মন্ডহারবার-২, ফলতা, বজবজ-২ | ২০ |
| ২ | পূর্ব মেদিনীপুর | পাঁশকুড়া-১, পাঁশকুড়া-২, নন্দকুমার, মহিষাদল, সূতাহাটা-১, সূতাহাটা-২, নন্দীগ্রাম-১, নন্দীগ্রাম-২, খেজুরি-১, খেজুরী-২, ভগবানপুর-১, ভগবানপুর-২, কনটাই-১, কনটাই-২, কনটাই-৩, এগরা-১, এগরা-২, রামনগর-১, রামনগর-২। | ১৯ |
| ৩ | হাওড়া | সাঁকরাইল, উলুবেড়িয়া-২, উলুবেড়িয়া-১, শ্যামপুর-২, বাগনান-২, শ্যামপুর-১ | ৬ |
| ৪ | উত্তর ২৪ পরগণা | বসিরহাট১, বসিরহাট২, হাসনাবাদ, মিনাখাঁ, হাড়োয়া, সন্দেশখালি-১, সন্দেশখালি-২, হিঙ্গলগঞ্জ | ৮ |

## সংযোজনী-৩

## পশ্চিমবঙ্গের প্রস্তাবিত এলাকার জল পরীক্ষাগার সমূহ

| ক্রমিক সংখ্যা | অবস্থান | পরিচালনকারী | এলাকা |
|---|---|---|---|
| | **জেলা- কুচবিহার** | | |
| ১ | কুচবিহার,পি.এইচ ই. ডিভিসন অফিস | কুচবিহার ডিভিসন, পি.এইচ.ই বিভাগ | হলদিবাড়ী, মেখলিগঞ্জ, শীতলকুচি |
| ২ | তুফানগঞ্জ-২ ব্লক | টাচটর কুঠি নেতাজী সংঘ এন.জি.ও | তুফানগঞ্জ-১, তুফানগঞ্জ-২, কুচবিহার-২ |
| ৩ | দিনহাটা-১ ব্লক | বয়েজ রিক্রিয়েশন ক্লাব এন.জি.ও | দিনহাটা-১, দিনহাটা-২, সিতাই |
| ৪ | মাথাভাঙ্গা-২ ব্লক | নিশিগঞ্জ ক্লাব এন.জি.ও | মাথাভাঙ্গা-১, মাথাভাঙ্গা-২, কুচবিহার-১ |
| | **জেলা-জলপাইগুড়ি** | | |
| ১ | জলপাইগুড়ি পি.এইচ.ই ডিভিশন অফিস | জলপাইগুড়ি ডিভিসন, পি.এইচ.ই বিভাগ | জলপাইগুড়ি, ময়নাগুড়ি, ধুপগুড়ি, নাগরাকাটা |
| ২ | ফালকাটা ব্লক | ডব্লিই.বি.সি.এ.ডি.সি ফালাকাটা প্রকল্প, এন.জি.ও | ফালাকাটা, মাদারীহাট-বীরপাড়া, কালচিনি |
| ৩ | রায়গঞ্জ ব্লক | রায়গঞ্জ ওয়েলফেয়ার অর্গানাইজেসন, এন.জি.ও | রায়গঞ্জ, মাল, ম্যাটিয়ালি |
| ৪ | এন.জি.ও | এন.জি.ও | আলিপুরদুয়ার-১, আলিপুরদুয়ার-২, কুমারগ্রাম |
| | **জেলা-দার্জিলিং** | | |
| ১ | শিলিগুড়ি-ডব্লিউ.টি.পি.সাইট | শিলিগুড়ি ডব্লিউ/এস ডিভিশন পি.এইচ.ই. বিভাগ | ফাঁসিদেওয়া, খড়িবাড়ী, নকশালবাড়ী, মাটিগাড়া |
| ২ | কালিম্পং পি.এইচ.ই.ডিভিসন অফিস | নিওরাথোলা ডব্লিউ/এস, এম.আই.সি. ডিভিসন পি.এইচ.ই বিভাগ | কালিম্পং-১, কালিম্পং-২, গরুবাথান |
| ৩ | এন.জি.ও | এন.জি.ও | কার্শিয়াং মিরিক, রঙ্গলি-রংলিয়ট, জোরবাংলো-সুকিয়াপোখারি, দার্জিলিং- পুলবাজার |

| | | | |
|---|---|---|---|
| | **জেলা-উত্তর দিনাজপুর** | | |
| ১ | রায়গঞ্জ পি.এইচ.ই.ডিভিসন অফিস | রাজগঞ্জ ডিভিসন, পি.এইচ.ই. বিভাগ | রায়গঞ্জ, করনদীঘি, গোয়াল পোখার-২ |
| ২ | ইসলামপুর ব্লক | প্রশিকা রুরাল ডেভালপমেন্ট অর্গানাইজেসন এন.জি.ও | ইসলামপুর, চোপরা, গোয়ালপোখার-১ |
| ৩ | এন.জি.ও | এন.জি.ও | ইটাহার, কালিয়া গঞ্জ, হেমতাবাদ |
| | জেলা-দক্ষিণ দিনাজপুর | | |
| ১ | বালুরঘাট পি.এইচ.ই. ডিভিশন অফিস | বালুরঘাট ডিভিশন, পি.এইচ.ই. বিভাগ | বালুরঘাট, কুমারগঞ্জ হিলি, |
| ২ | গঙ্গারামপুর ব্লক | পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ | গঙ্গারামপুর, তপন |
| ৩ | এন.জি.ও | এন.জি.ও | বংশীহারী, কুশমন্দ হরিরামপুর, |
| | **জেলা- মালদা** | | |
| ১ | মালদা পি.এইচ.ই.আর.ডব্লিউ.এস. অফিস | মালদা ডিভিসন পি.এইচ.ই. বিভাগ | ইংলিশবাজার, ওল্ড মালদা, হাবিবপুর |
| ২ | পি.এইচ.ই. দরিয়াপুর ডব্লিউ.টি.পি. সাইট | মালদা ডব্লিউ/এস. ডিভিসন পি.এইচ.ই. বিভাগ | কালিয়াচক-১, কালিয়াচক-২, কালিয়াচক-৩ |
| ৩ | মালদা, পি.এইচ.ই.আর.ডব্লিউ.এস কমপ্লেক্স | পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ এন.জি.ও | মানিকচক, রতুয়া-১, রতুয়া-২, |
| ৪ | মানিকচক এক্সটেনশন সেন্টার সি.পি. সেল | কম্যুইনিটি পলিটেকনিক এন.জি.ও | হরিশচন্দ্রপুর-১, হরিশচন্দ্রপুর-২, চাঁচল-১, চাংচল-২ |
| ৫ | রতুয়া-২ ব্লক | সংস্কৃতি ও সমাজ উন্নয়ন পরিষদ, এন.জি.ও | বামনগোলা, গাজল |
| | **জেলা- মুর্শিদাবাদ** | | |
| ১ | বহরমপুর পি.এইচ.ই. রেষ্ট শেড | বহরমপুর ডিভিসন, পি.এইচ.ই. বিভাগ | নবগ্রাম, খরগ্রাম, কান্দি |
| ২ | জঙ্গিপুর, ডব্লিউ.টি.পি. সাইট | বহরমপুর ডিভিসন পি.এইচ.ই বিভাগ | রঘুনাথগঞ্জ-১, সাগরদিহি, সুইটি-১ |
| ৩ | ডোমকল ব্লক | ইষ্টান মেকানিকাল ডিভিসন পি.এইচ.ই বিভাগ | ডোমকল, জলঙ্গী, নওদা, হরিরামপাড়া |
| ৪ | বহরমপুর, কমুনিটি | সি.পি. সেল, মুর্শিদাবাদ ইনসটিটিউট অফ | ভগবানগোলা-১, |

| | | | |
|---|---|---|---|
| | পলিটেকনিক সেল | টেকনোলজি, এন.জি.ও | ভগবানগোলা-২, মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ |
| ৫ | বহরমপুর সেবাব্রত কমপ্লেক্স, সারগাছি | সেবাব্রত এন.জিও. | বহরমপুর, মুর্শিদাবাদ, জিয়াগঞ্জ, বেলডাঙ্গা-১, বেলডাঙ্গা-২ |
| ৬ | অর্জুনপুর, ফারাক্কা | ফারাক্কা ব্লক বিড়ি শ্রমিক কল্যাণ সমিতি | ফারাক্কা, সুইটি-২ সামসেরগঞ্জ |
| ৭ | স্যানিটিরি মার্ট নবীপুর রানীনগর-২ ব্লক | রুরাল ন্যাশানাল ক্লাব এন.জি.ও | রানীনগর-১, রানীনগর-২, জলঙ্গী |
| ৮ | লালগোলা | লালগোলা মহিলা এস.এইচ.জি | লালগোলা, রঘুনাথগঞ্জ-২ |
| ৯ | এন.জি.ও | এন.জি.ও | ভরতপুর-১ ভরতপুর-২, বারোয়ান |
| | **জেলা-নদীয়া** | | |
| ১ | কল্যাণী এস.টি.পি. সাইট | নদীয়া ডিভিসন পি.এইচ.ই বিভাগ | রানাঘাট-১ চাকদহ হরিণঘাটা |
| ২ | স্যানিটারী মার্ট চাপরা ব্লক | বড় আন্দুলিয়া মহিলা সমিতি এন.জি.ও. | চাপরা, নবদ্বীপ শান্তিপুর |
| ৩ | সি.এ.ডি.সি. প্রকল্প রানাঘাট ব্লক | ডব্লিউ.বি.সি.এ.ডি.সি. রানাঘাট-২ প্রকল্প এন.জি.ও. | কৃষ্ণগঞ্জ, হাঁসখালি রানাঘাট-২ |
| ৪ | ব্লক কমপ্লেক্স নাকশীপাড়া | হারানগর সমবায় কৃষি উন্নয়ণ সমিতি লিমিটেড এন.জি.ও. | নাকশীপাড়া, কালিগঞ্জ, তেহট্ট-২ |
| ৫ | স্যানিটারী মার্ট কমপ্লেক্স মহিষবাতান-করিমপুর-২ ব্লক | বিনয় বাদল দীনেশ ক্লাব এন.জি.ও | করিমপুর-১, করিমপুর-২ তেহট্ট-১ |
| ৬ | পাত্র বাজার, কৃষ্ণনগর | নদীয়া জেলা গণতান্ত্রিক মহিলা ঋণদান সমিতি লিমিটেড এন.জি.ও. | কৃষ্ণনগর-১, কৃষ্ণনগর-২ |
| | **জেলা-উত্তর ২৪ পরগণা** | | |
| ১ | বারাসাত, পি.এইচ.ই ডিভিসন অফিস | বারাসাত ডিভিসন পি.এইচ.ই.বিভাগ | হাবরা-১ হাবরা-২ |
| ২ | টাকী, অশেষ রায় জল পরীক্ষাগার | বারাসাত ডিভিসন পি.এইচ.ই বিভাগ | বসিরহাট-১ মিনাখাঁ |
| ৩ | পলতা, বারাকপুর ডব্লিউ.টি.পি.সাইট | বারাসত ডিভিসন পি.এইচ.ই. ২৪ পরগণা উত্তর ডব্লিউ/এস. ডিভিসন | আমডাঙ্গা, বারাসত-১ |
| ৪ | হিঙ্গলগঞ্জ ব্লক | সার্বিক বিবেকান্দ গ্রামসেবা স্বাস্থ্য এন.জি.ও. | হিঙ্গলগঞ্জ, হাসনাবাদ |

| | | | |
|---|---|---|---|
| ৫ | ১১২, হরিসভা রোড, পোঃ.অফিস- নোনাচন্দনপুকুর, কলিকাতা- ৭০০১২০ | ফোসেট এন.জি.ও | বারাকপুর-১ বারাকপুর- ২ রাজারহাট |
| ৬ | ডি.আর.ডি.এ কমপ্লেক্স বারাসত | পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ, এন.জি.ও | বারাসত-২, হাড়োয়া |
| ৭ | সি.এ.ডি.সি কমপ্লেক্স দে গঙ্গা | সি.এ.ডি.সি.এন.জি.ও. | দেগঙ্গা, বসিরহাট-২ |
| ৮ | স্যানিটারী মার্ট কমপ্লেকস চম্পাবেনা বনগাঁ ব্লক | পথের পাঁচালী সেবা সমিতি এন.জি.ও. | বাগদা, বনগাঁ, গাইঘাটা |
| ৯ | জয়গোপালপুর, সন্দেশখালি | যুব উন্নয়ন কেন্দ্র এন.জি.ও. | সন্দেশখালি-১ সন্দেশখালি-২ |
| ১০ | বিথারি, স্বরূপনগর | বিথারিদিশা, এন.জি.ও. | স্বরূপনগর/বাদুরিয়া |
| | জেলা-দক্ষিণ ২৪ পরগণা | | |
| ১ | বিজয়গড় হসপিটাল | আলিপুর ডিভিসন পি.এইচ.ই.বিভাগ | ক্যানিং-১, বাসন্তী, গোসাবা |
| ২ | দক্ষিণ রায়পুর ডব্লিউ টি.পি.সাইট | দক্ষিণ ২৪ পরগণা ডব্লিউ/এস.ডিভিসন- ২ পি.এইচ.ই. | বিষ্ণুপুর-১, বিষ্ণুপুর-২ বজবজ-১ ঠাকুরপুকুর মহেশতলা |
| ৩ | বারুইপুর, বুষ্টি ষ্টেশন সাইট | দক্ষিণ ২৪ পরগণা ডব্লিউ.এস.ডিভিসন-২ পি.এইচ.ই. বিভাগ | সোনারপুর, বারুইপুর জয়নগর-১ |
| ৪ | সাগর ব্লক | সাগরমঙ্গল আর.কে.এল.এম.পির (অধীনে) এন.জি.ও | সাগর, নামখানা |
| ৫ | আর.কে.এম.এল.পি.গ্রাম উন্নয়ন কেন্দ্র কোম্পানীর ঠেক, মথুরাপুর ব্লক | রামকৃষ্ণ মিশন লোক শিক্ষা পরিষদ এন.জি.ও | মথুরাপুর-১ মথুরাপুর-২ |
| ৬ | আর.কে.এম.এল.পি.কমপ্লেক্স নরেন্দ্রপুর | আর.কে.এম.এল.পি.এন.জি.ও. | মন্দির বাজার, কুলপী, কুলতলি, জয়নগর-২ |
| ৭ | পি.এইচ.ই. কমপ্লেক্স দক্ষিণ রায়পুর | পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ এন.জি.ও | ফলতা, ডায়মণ্ড হারবার -২ বজবজ-২ |
| ৮ | পোঃ ও গ্রাম-ভাঙ্গড় | সাদার্ন হেলথ ইনপ্রুভমেন্ট সমিতি এন.জি.ও. | ভাঙ্গড়-১ ভাঙ্গড়-২ ক্যানিং-২ |
| ৯ | কেনসিলি, উস্তি, মগরাহাট- ১ | কেনসিলি আজাদ স্পোর্টিং ক্লাব, এন.জি.ও. | কাকদ্বীপ, পাথরপ্রতিমা |
| ১০ | অক্ষয় নগর কাকদ্বীপ-১ | অক্ষয়নগর পল্লীশ্রী সংঘ, এন.জি.ও | মগরাহাট-১ মগরাহাট- ২, ডায়মণ্ডহারবার-১ |

| | | | |
|---|---|---|---|
| | **জেলা-হাওড়া** | | |
| ১ | ডোমজুড় হেড ওয়ার্কস সাইট ডব্লিউ/এস স্কিম | হাওড়া ডিভিসন পি.এইচ.ই. বিভাগ | ডোমজুড়,বালি-জগাছা, সাঁকরাইল, জগৎবল্লভপুর |
| ২ | স্যানিটারী মার্ট কমপ্লেক্স বাগনান | আনন্দ নিকেতন এন.জি.ও. | বাগনান-১, বাগনান-২, শ্যামপুর-১, শ্যামপুর-২ |
| ৩ | এন.জি.ও. | এন.জি.ও. | উলুবেড়িয়া-১, উলুবেড়িয়া-২, পাঁচলা |
| ৪ | এন.জি.ও. | এন.জি.ও. | আমতা-১, আমতা-২, উদয়নারায়ণপুর |
| | **জেলা-হুগলী** | | |
| ১ | হুগলী, পি.এইচ.ই অফিস | হুগলী ডিভিসন, পি.এইচ.ই বিভাগ | ধনিয়াখালি, পোলবা, দাদপুর, সিঙ্গুর |
| ২ | গোঘাট ব্লক | সার্বিক বিবেকানন্দ গ্রাম সেবা স্বাস্থ্য এন.জি.ও | গোঘাট-১, গোঘাট-২, আরামবাগ |
| ৩ | স্যানিটারী মার্ট কমপ্লেক্স-বলাগড় | অর্মাত্য রুরাল ওয়াল ফেয়ার সোসাইটি এন.জি.ও | বলাগড়, পান্ডুয়া, চুঁচুড়া, মগরা |
| ৪ | এন.জি.ও. | এন.জি.ও. | খানাকুল-১, খানাকুল-২, পুরশুড়া |
| ৫ | এন.জি.ও. | এন.জি.ও. | জঙ্গীপাড়া, হরিপাল,তারকেশ্বর |
| ৬ | এন.জি.ও. | এন.জি.ও. | চণ্ডীতলা-১, চণ্ডীতলা-২, শ্রীরামপুর, উত্তরপারা |
| | **জেলা- পূর্ব মেদিনীপুর** | | |
| ১ | হলদিয়া, গেঁওখালি-হেড ওয়ার্কস সাইট | হলদিয়া ডব্লিউ/এস.এম.আই.সি.ডিভিসন পি.এইচ.ই বিভাগ | কনটাই-১ কনটাই-২ |
| ২ | সাতমাইল-এগরা-২ ব্লক | বিবেকানন্দ যুব পরিষদ এন.জি.ও | এগরা-২, রামনগর-১ রামনগর-২ |
| ৩ | দেওলবার-পটাশপুর-২ ব্লক | গ্রাম মঙ্গল, এন.জি.ও | পটাশপুর-১ পটাশপুর-২, এগরা-১ |
| ৪ | শিবরামপুর-নন্দীগ্রাম-২ ব্লক | লোকজাগরণ আর.কে.এম.এল.পি.এন.জিও | নন্দীগ্রাম-২, খেজুরি-১, খেজুরি-২ |
| ৫ | খাগা-ভগবানপুর-১ ব্লক | শ্রী রামকৃষ্ণ গুচ্ছ সমিতি এন.জি.ও. | ভগবানপুর-১, ময়না, চন্দনপুর |
| ৬ | দক্ষিণ ধালহারা-নন্দকুমার ব্লক | তাম্রলিপ্ত গুচ্ছ সমিতি এন.জি.ও | নন্দকুমার, তমলুক, মহিষাদল |

| | | | |
|---|---|---|---|
| ৭ | দেওলপোতা-হলদিয়া ব্লক | অভয়াদয়া হলদিয়া এন.জি.ও | সূতাহাটা, হলদিয়া,নন্দীগ্রাম-১ |
| ৮ | কিসমাটপাটনা-ভগবানপুর ব্লক | বিবেকানন্দ কল্যাণ পরিষদ এন.জি.ও | কনটাই-৩ ভগবানপুর-৩ |
| ৯ | পি.এইচ.ই জেলা পরীক্ষাগার | | |
| | জেলা-পশ্চিম মেদেনীপুর | | |
| ১ | খড়গপুর হেড ওয়ার্কস সাইট অফ ডব্লিউ/এস স্কিম | মেদিনীপুর ডিভিসন পি.এইচ.ই. বিভাগ | খড়গপুর-১, খড়গপুর-২ সবং, পিংলা |
| ২ | শ্রীরামপুর- ডেবরা ব্লক | কংসাবতী গুচ্ছ সমিতি এন.জি.ও | ডেবরা, দাসপুর-১, দাসপুর-২ |
| ৩ | দাসপুর-দাসপুর-২ ব্লক | সার্বিক গ্রাম বিকাশ কেন্দ্র এন.জি.ও | ঘাটাল, চন্দ্রকোনা-১, চন্দ্রকোনা-২ |
| ৪ | রঘুনাথপুর-ঝাড়গ্রাম ব্লক | ঝাড়গ্রাম মহাকুমা জনশিক্ষা প্রসার সমিত এন.জি.ও. | ঝাড়গ্রাম, গোপীবল্লভপুর-১, গোপীবল্লভপুর-২ |
| ৫ | দক্ষিণপাড়া-সবং ব্লক | সবং পল্লীমঙ্গল গুচ্ছ সমিতি এন.জি.ও. | দাঁতন-১, দাঁতন-২, মোহনপুর |
| ৬ | কেশপুর-কেশপুর ব্লক | শহীদ ক্ষুদিরাম সেবা সমিতি এন.জি.ও | মেদিনীপুর সদর কেশপুর, শালবনী |
| ৭ | আবাস-মেদিনীপুর ব্লক | আবাস সারদাময়ী উন্নয়ন পরিষদ এন.জি.ও. | বিনপুর-১, বিনপুর-২, জামবনী |
| ৮ | মাক্রমপুর-নারায়নগড় ব্লক | বেলদা সুরপ্রভা গুচ্ছ সমিতি এন.জি.ও. | নারায়নগড়, নয়াগ্রাম কেশয়ারী, সাঁকরাইল |
| ৯ | পি.এইচ.ই. জেলা পরীক্ষাগার | পি.এইচ.ই বিভাগ | গড়বেতা-১, গড়বেতা-২, গড়বেতা-৩ |
| | জেলা- বাঁকুড়া | | |
| ১ | মুকুটমনিপুর, ডব্লিউ.টি.পি. সাউট | বাঁকুড়া ডিভিশন পি.এইচ.ই. বিভাগ | খাতরা, রানীবাঁধ |
| ২ | বাঁকুড়া পি.এইচ.ই অফিস | বাঁকুড়া ডিভিশন পি.এইচ.ই. বিভাগ | ছাতনা, শালতোরা মেজিয়া |
| ৩ | ইন্দোর ব্লক | বড়জোড়াপুর তেঁতুলিয়া মহিলা ও শিশু কল্যান সমিতি এন.জি.ও | হিরবাধ, ইন্দোর তালডাঙ্গরা, ওন্দা |
| ৪ | বাঁকুড়া-২ ব্লক | মল্লভূম মহিলা কল্যান সমিতি এন.জি.ও. | বাঁকুড়া-১, বাঁকুড়া-২ গঙ্গাজলঘাটি |
| ৫ | এন.জি.ও | এন.জি.ও | সারেঙ্গা, রায়পুর, সিমলাপাল |

| | | | |
|---|---|---|---|
| ৬ | এন.জি.ও | এন.জি.ও | বড়জোরা, সোনামুখী পাত্রসায়ের |
| ৭ | হিজলদহ-জয়পুর ব্লক | হিজলদহ বিবেকানন্দ সেবা সমিতি এন.জি.ও | বিষ্ণুপুর, কোতলপুর জয়পুর, ইন্দাস |
| | **জেলা-পুরুলিয়া** | | |
| ১ | রঘুনাথপুর, ডব্লিউ.টি.পি.সাইট | পুরুলিয়া মেকানিক্যাল ডিভিশন পি.এইচ.ই বিভাগ | রঘুনাথপুর-১, রঘুনাথপুর-২, পারা |
| ২ | বান্দোয়ান,ডব্লিউ.টি.পি সাইট | পুরুলিয়া ডিভিশন পি.এইচ.ই.বিভাগ | বান্দোয়ান, মানবাজার-২ |
| ৩ | পি.এইচ.ই.. অফিস পুরুলিয়া | সিস্টার নিবেদিতা গুপ্ত এজ হোম, এন.জি.ও | পুরুলিয়া-১, পুরুলিয়া-২, হুড়া |
| ৪ | পি.এইচ.ই.এলাকা-ঝালদা | পুরুলিয়া জেলা অগ্রগামী মহিলা ও শিশুমঙ্গল সমিতি এন.জি.ও. | ঝালদা-১, ঝালদা-২, বাগমুন্ডি |
| ৫ | পঞ্চায়েত সমিতি অফিস-বলরামপুর | ঝালদা অগ্রগামী তরুণ ক্লাব-এন.জি.ও | বলরামপুর, জয়পুর, আরশা |
| ৬ | পি.এইচ.ই.এলাকা কাশীপুর | কো-অর্ডিনেশন লিয়া এন.জি.ও | কাশীপুর, সানতুরী, নেওটিরিয়া |
| ৭ | পি.এইচ.ই জেলা পরীক্ষাগার | পি.এইচ.ই.বিভাগ | বড়বাজার, মানবাজার, পুঞ্চা |
| | জেলা-বর্ধমান | | |
| ১ | বর্ধমান, পি.এইচ.ই অফিস | বর্ধমান ডিভিশন পি.এইচ.ই বিভাগ | বর্ধমান-১, বর্ধমান-২, গলসী-২, ভাতার |
| ২ | কল্যানেশ্বরী, ডব্লিউ.টি.পি সাইট | আসানসোল মেকানিক্যাল ডিভিশন, পি.এইচ.ই বিভাগ | রানীগঞ্জ, সালানপুর, বারাবনী, জামুরিয়া |
| ৩ | পি.এইচ.ই. প্রকল্প পরীক্ষাগার-দুর্গাপুর | | পান্ডবেশ্বর, ফরিদপুর, দুর্গাপুর, কাঁকসা, অন্ডাল |
| ৪ | মেমারী-১ | শিশু নিকেতন, এন.জি.ও | মেমারী-১, মেমারী-২, জামালপুর |
| ৫ | স্যানিটারী মার্ট কমপ্লেক্স | সিধু কানু গ্রাম উন্নয়ন সমিতি এন.জি.ও | পূর্বস্থলী-১ মন্তেশ্বর কালনা-১, কালনা-২ |
| ৬ | এন.জি.ও | এন.জি.ও | আউসগ্রাম-১, আউসগ্রাম-২, গলসী-২ |
| ৭ | এন.জি.ও | এন.জি.ও | কাটোয়া-১, কাটোয়া-২, পূর্বস্থলী-২ |
| ৮ | নিরল, কেতুগ্রাম-১ | ডঃ চাটার্জ্জীর ভিলেজ ওয়েলফেয়ার সোসাইটি | কেতুগ্রাম-১, কেতুগ্রাম-২, মঙ্গলকোট |

| | | | |
|---|---|---|---|
| ৯ | এন.জি.ও | এন.জি.ও | রাইনা-১, রাইনা-২, খন্ডঘোষ |
| | জেলা-বীরভূম | | |
| ১ | সুরী, পি. এইচ.ই. অফিস | বীরভূম ডিভিশন, পি.এইচ.ই. বিভাগ | সুরী-১, সুরী-২, সাঁইথিয়া লাভপুর |
| ২ | বোলপুর, ডব্লিউ.টি.পি.সাইট | বোলপুর মেকানিক্যাল ডিভিশন পি.এইচ.ই. বিভাগ | ইলামবাজার, বোলপুর, শ্রীনিকেতন, নানুর |
| ৩ | পি.এইচ.ই. অফিস নলহাটি | তুবগ্রাম গ্রাম্যক উন্নয়ণ সমিতি এন.জি.ও | মুরারই-১, মুরারই-২, নলহাটি-১ |
| ৪ | রামপুরহাট ব্লক | পরিবেশ পরিচয় এন.জি.ও | রামপুরহাট-১, রামপুরহাট-২, নলহাটি-২ |
| ৫ | এন.জি.ও | এন.জি.ও | মহম্মদবাজার, ময়ূরেশ্বর-১, ময়ূরেশ্বর-২ |
| ৬ | এন.জি.ও | এন.জি.ও | দুবরাজপুর, খয়রাসোল, রাজনগর, |